



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী
(স্থানীয় সরকার শাখা)
www.patuakhali.gov.bd



স্মারক নম্বর: ৪৬.১০.৭৮০০.০০৭.০৫.০৩২.২১-৭৬৫

তারিখ: ১২ কার্তিক ১৪২৮
২৮ অক্টোবর ২০২১

ওয়াক ইন ইন্টারভিউ (Walk in Interview)

ইউনিসেফের সহায়তায় জেলা প্রশাসন পটুয়াখালী “Building Climate Resilient Health Systems for Vulnerable Women and Children of Patuakhali District of Bangladesh” শীর্ষক প্রকল্প গ্রহণ করেছে। প্রকল্পটি কলাপাড়া ও রাঙ্গাবালী উপজেলায় ১লা নভেম্বর ২০২১ থেকে ৪ মাসের জন্য বাস্তবায়িত হবে। প্রকল্পের মূল উদ্দেশ্য হলো জলবায়ু সহনশীল স্বাস্থ্য ব্যবস্থাপনা পদ্ধতির উন্নয়ন ঘটানো। উক্ত প্রকল্পের মাঠ পর্যায়ে কার্যক্রম বাস্তবায়নের জন্য ২ জন ফিল্ড ফ্যাসিলিটিটের নিয়োগ করা হবে। ফিল্ড ফ্যাসিলিটিটেরগণ উপজেলা নির্বাহী কর্মকর্তার অধীনে নিম্নবর্ণিত দায়-দায়িত্ব পালন করবেন-

- উপজেলা পর্যায়ে প্রকল্প পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা।
- উপজেলার বিভিন্ন সরকারি/বেসরকারী দপ্তর/ বিভাগের সাথে সমন্বয় সাধন করা।
- উপজেলার সকল মাধ্যমিক বিদ্যালয়ে মাসিককালীন পরিচ্ছন্নতা, স্বাস্থ্য ও পুষ্টি কর্ণার স্থাপন নিশ্চিত করা এবং শিক্ষকদের বিদ্যালয়ে শিখণ সভা পরিচালনা সহায়তা করা।
- উপজেলার সকল ইউনিয়ন ও পৌরসভায় ইয়ুথ ক্লাব গঠন ও সক্ষমতা বৃদ্ধিতে সহায়তা করা।
- কমিউনিটি, বিদ্যালয় ও ইয়ুথ ক্লাবের সদস্যদের জলবায়ু পরিবর্তন অভিযোজন প্রশিক্ষণ আয়োজন করা।
- ইউনিসেফ প্রতিনিধি, সরকারের উর্দ্ধতন কর্মকর্তাদের মনিটরিং ভিজিটে সহায়তা করবেন।
- প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন তৈরী করে উপজেলা নির্বাহী অফিসার বরাবর দাখিল করবেন।
- প্রকল্পের কনসালটেন্ট এর সাথে সার্বক্ষণিক সমন্বয় রাখা।

উক্ত পদে আগ্রহী প্রার্থীদেরকে নিম্নলিখিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও দক্ষতা থাকতে হবেঃ

- যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে থেকে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে।
- নারী ও শিশু উন্নয়নে কমপক্ষে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার বিভাগের সাথে কাজের অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হবে।
- কিশোর কিশোরী দল গঠন এবং তাদের দক্ষতা বৃদ্ধিতে অভিজ্ঞতা থাকতে হবে।
- এ্যাডভোকেসী, ফ্যাসিলিটেশন, নেটওয়ার্কিং, যোগাযোগ প্রতিবেদন তৈরীর দক্ষতা থাকতে হবে।
- কম্পিউটার ব্যবহার: বিশেষ করে MS office এবং ইন্টারনেট ব্যবহারে দক্ষতা থাকতে।

বেতনঃ আলোচনা সাপেক্ষ।

যোগ্যতা সম্পন্ন আগ্রহী প্রার্থীগণ আগামী ৩ রা নভেম্বর ২০২১ সকাল ১০.০০ টায় পটুয়াখালী জেলা প্রশাসকের কার্যালয়ে আবেদনপত্র, পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র জমা দেওয়া সাপেক্ষে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

বি: দ্র: এই নিয়োগের বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ সম্পূর্ণ বা আংশিক নিয়োগ কার্যক্রম যেকোন সময় স্থগিত অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।


২৮/১০/২০২১

মোহাম্মদ কামাল হোসেন

জেলা প্রশাসক

পটুয়াখালী

ফোন নম্বর : ০৪৪১-৬২৩০০

e-mail: depatuakhali@mopa.gov.bd

স্মারক নম্বর: ৪৬.১০.৭৮০০.০০৭.০৫.০৩২.২১-৭৬৫

তারিখ: ১২ কার্তিক ১৪২৮
২৮ অক্টোবর ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো :

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়
২. বিভাগীয় কমিশনার, বরিশাল
৩. জনাব এএইচ তৌফিক আহমেদ, প্রধান, ইউনিসেফ বরিশাল জোন অফিস, বরিশাল
৪. উপজেলা নির্বাহী অফিসার, কলাপাড়া/ রাঙ্গাবালী, পটুয়াখালী
৫. অফিস কপি/মাস্টার ফাইল কপি


২৮/১০/২০২১

জেলা প্রশাসক

পটুয়াখালী